গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর (ডিডিএম)
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা-১২১২।
www.ddm.gov.bd

স্মারক নং- ৫১.০১.০০০০.০৪১.০২৪.৩০.১৮(অংশ-১)- ২৫৭৫ তারিখ: ২২/০১/২০২৫খ্রি.

বিষয়:- টিআর/কাবিখার বরাদ্দ থেকে ক্ষতিগ্রস্থ সেতু/কালভার্ট, এপ্রোচ সড়ক মেরামত/সংস্কার, সংযোগ সড়ক নির্মাণ।

উপরোক্ত বিষয়ের আলোকে জানান যাচ্ছে যে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কতৃক ১৯৮২ সাল হতে অদ্যাবধি বিভিন্ন নামে ব্যাপক সংখ্যক সেতু/কালভার্ট নির্মাণ করা হয়েছে। প্রকল্পের মেয়াদ সমাপ্তি এবং ঠিকাদারদের ত্রুটিজনিত দায়ের মেয়াদ (Defect laibility Period) এর পরে নির্মিত সেতু/কালভার্ট সমূহের সংযোগ/এ্যাপ্রোচ সড়ক ও সেতু/কালভার্টের ছোট ছোট ত্রুটি সমূহের মেরামত/সংস্কার না করার কারণে অনেক সেতু/কালভার্ট ব্যবহারের অনুপযোগী হয়ে পড়েছে। প্রকল্পের ডিপিপিতে এ সকল ক্ষতিগ্রস্থ সেতু/কালভার্টের সংযোগ সড়কসহ অন্যান্য ত্রুটি নিরসনের জন্য মেরামত/সংস্কার খাতে কোন বরাদ্দ না থাকায় প্রকল্পের মাধ্যমে প্রয়োজনীয় মেরামত/সংস্কার কাজ করা সম্ভব হচ্ছে না। এতে করে স্থানীয় জনসাধারণ কাঙ্খিত সুফল থেকে বঞ্চিত থাকছে। তাছাড়া বিভিন্ন সময় পত্রিকা সহ বিভিন্ন টিভি চ্যানেলে ক্ষতিগ্রস্থ সংযোগ সড়কের কারণে সরকারী বহু অর্থ ব্যয়ে নির্মিত এসকল সেতু/কালভার্ট জনগণের কাজে আসছে না এবং জনভোগান্তি তৈরী হচ্ছে মর্মে সংবাদ পরিবেশিত হয়েছে। ফলে মন্ত্রণালয় ও অধিদপ্তরের ভাবমূর্তি নষ্ট হচ্ছে। এমতাবস্থায় উক্ত ত্রুটিসমূহ জনস্বার্থে জরুরী ভিত্তিতে মেরামত/সংস্কার করা একান্ত প্রয়োজন।

চলতি অর্থবছরে উপজেলা সমূহে ইতোমধ্যে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ কর্মসূচীর বরাদ্দ প্রদান করা হয়েছে। উক্ত বরাদ্দ হতে অগ্রাধিকার ভিত্তিতে উপজেলার এরূপ সেতু/কালভর্টের সংযোগ সড়ক নির্মাণ ,নির্মিত ক্ষতিগ্রস্থ এ্যাপ্রোচ সড়ক ও সেতু/কালভার্ট সমূহের ত্রুটি সমূহ নিরসনে প্রয়োজনীয় মেরামত/সংস্কার করত: সেতু/কালভার্ট সমূহ ব্যবহারের উপযোগী করে তোলার জন্য নির্দেশনা প্রাদান করা হলো।

**বিষয়টি অতীব জরুরী।**

22-1-25

রেজওয়ানুর রহমান
মহাপরিচালক
ফোন: ৫৮৮১৫৪৯৫
ইমেইল: dg@ddm.gov.bd

০১. উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা:...................,
জেলা:...................
০২. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, উপজেলা:...................,
জেলা:...................

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

০১। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০২। প্রকল্প পরিচালক, গ্রামীণ রাস্তায় ১৫ মিটার দৈর্ঘ্য পর্যন্ত সেতু/কালভার্ট নির্মাণ প্রকল্প;
০৩। জেলা প্রশাসক, (সকল);
০৪। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়;(উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য)
০৫। উপপ্রকল্প পরিচালক, গ্রামীণ রাস্তায় ১৫ মিটার দৈর্ঘ্য পর্যন্ত সেতু/কালভার্ট নির্মাণ প্রকল্প;
০৬। প্রোগ্রামার(অ: দা), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ);
০৭। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, (সকল);
০৮। সহকারী প্রকল্প পরিচালক(অ: দা)/সহকারী প্রকৌশলী/দায়ীত্বপ্রাপ্ত প্রকৌশলী, গ্রামীণ রাস্তায় ১৫ মিটার দৈর্ঘ্য পর্যন্ত সেতু/কালভার্ট নির্মাণ প্রকল্প;
০৯। সংরক্ষণ নথি।

CS CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
(ত্রাণ কর্মসূচি-২ অধিশাখা)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.modmr.gov.bd

নং-৫১.০০.০০০০.৪২২.২২.০০৩.২১.৩০ তারিখঃ ১৯ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ / ০২ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

**বিষয়ঃ গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-খাদ্যশস্য/নগদ টাকা) কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা ২০২১ সংশোধন।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-খাদ্যশস্য/নগদ টাকা) কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকার ৩(ঙ), ৩(চ), ৫(ক) অনুচ্ছেদসমূহ সংশোধন নিম্নরূপঃ

| অনুচ্ছেদ | বিদ্যমান | সংশোধিত |
|---|---|---|
| ৩ (ঙ) | বর্ষণের ফলে নির্মিত রাস্তার রাস্তা মাটি যাহাতে সরিয়া যাইতে না পারে তাহার জন্য রাস্তার উভয় দিকে পাকা ওয়াল (রাস্তার উচ্চতার সমান অথবা যেই উচ্চতা পর্যন্ত নির্মাণ করা হইলে রাস্তার মাটি ধরিয়া রাখা সম্ভব হইবে সেই উচ্চতা পর্যন্ত) নির্মানের জন্য প্রকল্প গ্রহণ করা যাইবে। এইরূপ মাটির কাজের প্রকল্পের **ক্ষেত্রে ৬০% পর্যন্ত** খাদ্যশস্য নগদায়ন করিয়া নগদ টাকা বরাদ্দের ব্যবস্থা করা যাইবে। | বর্ষণের ফলে নির্মিত রাস্তার রাস্তা মাটি যাহাতে সরিয়া যাইতে না পারে তাহার জন্য রাস্তার উভয় দিকে পাকা ওয়াল (রাস্তার উচ্চতার সমান অথবা যেই উচ্চতা পর্যন্ত নির্মাণ করা হইলে রাস্তার মাটি ধরিয়া রাখা সম্ভব হইবে সেই উচ্চতা পর্যন্ত) নির্মানের জন্য প্রকল্প গ্রহণ করা যাইবে। এইরূপ মাটির কাজের প্রকল্পের **ক্ষেত্রে ৮০% পর্যন্ত** খাদ্যশস্য নগদায়ন করিয়া নগদ টাকা বরাদ্দের ব্যবস্থা করা যাইবে। |
| ৩ (চ) | মাটির কাজের প্রকল্পের অংশ হিসাবে প্রয়োজনে HBB (ইটের রাস্তা নির্মাণ), CC (Cement Concrete), WBM (Water Bound Macadam) করণের জন্য প্রকল্প গ্রহণ করা যাইবে। এইরূপ মাটির কাজের প্রকল্পের ক্ষেত্রে **৬০% পর্যন্ত খাদ্যশস্যের** বিক্রয়লব্ধ অর্থ বা নগদ অর্থ ব্যয় করা যাইবে। | মাটির কাজের প্রকল্পের অংশ হিসাবে প্রয়োজনে HBB (ইটের রাস্তা নির্মাণ), CC (Cement Concrete), WBM (Water Bound Macadam) করণের জন্য প্রকল্প গ্রহণ করা যাইবে। এইরূপ মাটির কাজের প্রকল্পের ক্ষেত্রে **৮০% পর্যন্ত খাদ্যশস্যের** বিক্রয়লব্ধ অর্থ বা নগদ অর্থ ব্যয় করা যাইবে। |
| ৫ (ক) | মাটির কাজের ক্ষেত্রে একটি প্রকল্পের জন্য সর্বনিম্ন বরাদ্দ হইবে **০৩ (তিন) মে.টন চাউল অথবা ০৪ (চার) মে.টন গম অথবা ১ (এক) লক্ষ টাকা।** গম এবং চাউলের অর্থনৈতিক মূল্য অর্থ মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত হইবে। | মাটির কাজের ক্ষেত্রে একটি প্রকল্পের জন্য সর্বনিম্ন বরাদ্দ হইবে **০৪ (চার) মে.টন চাউল অথবা ০৫ (পাঁচ) মে.টন গম অথবা ২ (দুই) লক্ষ টাকা।** গম এবং চাউলের অর্থনৈতিক মূল্য অর্থ মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত হইবে। |

এমতাবস্থায়, বর্ণিত সংশোধন অনুযায়ী কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০২/০২/২৫
(মোঃ গোলাম রব্বানী)
উপসচিব (ত্রাক-২)
ফোনঃ ৯৫১৪২২১

নং-৫১.০০.০০০০.৪২২.২২.০০৩.২১.৩০ তারিখঃ ১৯ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ / ০২ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
৩. সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, রাষ্ট্রীয় অতিথি ভবন, যমুনা।
৪. সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ, রাঙ্গামাটি/বান্দরবান/খাগড়াছড়ি।
৭. অতিরিক্ত সচিব (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
(ত্রাণ কর্মসূচি-২ অধিশাখা)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.modmr.gov.bd

নং-৫১.০০.০০০০.৪২২.২২.০০৩.২১.৩১

তারিখঃ ১৯ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ
০২ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

**বিষয়ঃ গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর-খাদ্যশস্য/নগদ টাকা) কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা ২০২১ সংশোধন।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-খাদ্যশস্য/নগদ টাকা) কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকার ৮(ক)(১) অনুচ্ছেদ সংশোধন নিম্নরূপঃ

| অনুচ্ছেদ | বিদ্যমান | সংশোধিত |
|---|---|---|
| ৮(ক)(১) | গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ কর্মসূচির একটি প্রকল্প **সর্বনিম্ন ১ (এক) মে.টন চাল/১.৫০ (এক দশমিক পাঁচ শূন্য) মে.টন গম বা সমমূল্যের টাকা** অথবা সর্বোচ্চ ৭ (সাত) মে.টন চাল/১০ (দশ) মে.টন গম অথবা সমমূল্যের নগদ টাকা বরাদ্দ করার বিধান সর্বক্ষেত্রে পালিত হইবে। | গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ কর্মসূচির একটি প্রকল্প **সর্বনিম্ন ২ (দুই) মে.টন চাউল/২.৫০ (দুই দশমিক পাঁচ শূন্য) মে.টন গম বা সমমূল্যের টাকা** অথবা সর্বোচ্চ ৭ (সাত) মে.টন চাউল/১০ (দশ) মে.টন গম অথবা সমমূল্যের নগদ টাকা বরাদ্দ করার বিধান সর্বক্ষেত্রে পালিত হইবে। |

এমতাবস্থায়, বর্ণিত সংশোধন অনুযায়ী কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০২/০২/২৫
(মোঃ গোলাম রব্বানী)
উপসচিব (ত্রাক-২)
ফোনঃ ৯৫১৪২২১

নং-৫১.০০.০০০০.৪২২.২২.০০৩.২১.৩১

তারিখঃ ১৯ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ
০২ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি করা হলোঃ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
৩. সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, রাষ্ট্রীয় অতিথি ভবন, যমুনা।
৪. সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ, রাঙ্গামাটি/বান্দরবান/খাগড়াছড়ি।
৭. অতিরিক্ত সচিব (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ৯২-৯৩, মহাখালী বাণিজ্যিক এলাকা, ঢাকা-১২১২।
৯. মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা।
১০. বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ।
১১. যুগ্ম সচিব (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. জেলা প্রশাসক,.. (সকল)।
১৩. উপদেষ্টার একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য)।
১৪. পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ৯২-৯৩ মহাখালী, ঢাকা-১২১২।
১৫. উপ সচিব (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা।
১৬. সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৭. উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা......., জেলা.........।